গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অ্যাটর্নি জেনারেল অফিস**
বাংলাদেশ সুপ্রীম কোর্ট এলাকা, ঢাকা-১০০০।
www.attorneygeneral.gov.bd

স্মারক নং- ৬৫৫(আই)/২০১৯-এ.জি

তারিখঃ ২৮/১০/২০১৯খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ অ্যাটর্নি জেনারেল অফিসে নিম্নবর্ণিত শূন্যপদসমূহে লোক নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে **(জনপ্রশাসন মন্ত্রণালয় প্রদত্ত নির্ধারিত চাকরির আবেদন ফরমে)** দরখাস্ত আহ্বান করা হচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম, জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতনস্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) টাঃ ১১,০০০ - ২৬,৫৯০/= | ০৬টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৮০শব্দ ও বাংলায় ৫০শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০শব্দ ও বাংলায় ২৫শব্দ থাকতে হবে;<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা থাকতে হবে;<br>(ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগন মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। |
| ২। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) টাঃ ৯,৩০০ - ২২,৪৯০/= | ০৩টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ২০শব্দ ও বাংলায় ২০শব্দ থাকতে হবে;<br>(ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা থাকতে হবে;<br>(ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগন মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। |
| ৩। | অফিস সহায়ক (গ্রেড-২০) টাঃ ৮,২৫০-২০,০১০/= | ০৬টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৪। | সুইপার (গ্রেড-২০) টাঃ ৮,২৫০-২০,০১০/= | ০১টি | অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |

**অন্যান্য শর্তাবলী ঃ**

০১। প্রত্যেক প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত এক পাতার নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে (ফরমে চাহিত ২ কপি ছবির সাথে অতিরিক্ত ১ কপি ছবি সংযুক্ত করতে হবে)। আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েবসাইট থেকে ডাউনলোড করে স্ব-হস্তে নির্ভুলভাবে পূরণপূর্বক আগামী **১৮/১১/২০১৯খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নি জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রীম কোর্ট এলাকা, ঢাকা-১০০০** এর কার্যালয়ে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত এবং ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

০২। বয়সসীমা ১৮/১১/২০১৯খ্রিঃ তারিখে ১৮(আঠারো) বৎসর হতে অন্যূন ৩০(ত্রিশ) বৎসর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০(চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা, শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

০৩। (ক) দরখাস্তের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের কপি প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে;
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সত্যায়িত সনদপত্র অবশ্যই দাখিল করতে হবে;
(গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/সিটি করপোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ পত্র প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫। ক্রমিক নং ১ এর জন্য স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সাঁটলিপি ও মুদ্রাক্ষরিক এবং ক্রমিক নং ২ এর জন্য মুদ্রাক্ষরিক (বাংলা ও ইংরেজী) সনদপত্রের সত্যায়িত অবশ্যই দাখিল করতে হবে।

০৬। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৭। কম্পিউটার বিষয় সংক্রান্ত পরীক্ষায় উত্তীর্ণ সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৮। শুন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে। কোন নির্দিষ্ট বিশেষ কোটার আবেদনকারীকে সংশ্লিষ্ট কোটার অধিকারী মর্মে প্রমানপত্র দাখিল করতে হবে।

০৯। চুড়ান্ত/মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১০। সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে নিয়োগের ক্ষেত্রে বাংলা ও ইংরেজী টাইপ ও কম্পিউটারে বাস্তব দক্ষতা ব্যতিরেকে দরখাস্ত অপ্রয়োজনীয়।

১১। সরকারী কর্মচারী নিয়োগ বিধি-বিধান এবং অন্যান্য আইনকানুন অনুসরণ করা হবে।

১২। আবেদনপত্রের সাথে পূর্ণ ঠিকানাসহ ৫/- (পাঁচ) টাকার ডাক টিকিট সম্বলিত একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১৩। খামের উপর স্পষ্টাক্ষরে প্রার্থিত পদের নাম ও নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে।

**১৪। কোন লিখিত ও অলিখিত সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে।**

১৫। ক্রমিক নং ১-২ এ বর্ণিত পদসমূহের জন্য ১০০/- (একশত) টাকা এবং ক্রমিক নং ৩-৪ পদসমূহের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) হারে নিম্নোক্ত কোড নম্বরে 'ট্রেজারী চালান' এর মাধ্যমে জমা প্রদানপূর্বক চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে ঃ

| | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | - | ২ | ১ | ০ | ১ | - | ০ | ০ | ০ | ১ | - | ২ | ০ | ৩ | ১ |

১৬। পরীক্ষায়/সাক্ষাৎকারে উপস্থিতির জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭। প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৮। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকুরীর নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৯। এই বিজ্ঞপ্তি প্রকাশ/প্রচারকরণে কর্তৃপক্ষ ইন্টারভিউ কার্ড ইস্যু বা শূন্য পদগুলো পূরণ করতে বাধ্য নহেন।

২৮/১০/১৯
(মোঃ নাসির উদ্দিন)
প্রশাসনিক কর্মকর্তা
ফোনঃ ৪১০৫০০৪০

মোঃ নাসির উদ্দিন
প্রশাসনিক কর্মকর্তা
অ্যাটর্নি জেনারেল কার্যালয়
বাংলাদেশ